জাতীয় শিক্ষা সপ্তাহে রচনা প্রতিযোগিতায় প্রথম দামুড়হুদার রেসিডেন্সিয়াল স্কুলের দুই শিক্ষার্থী

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে আয়োজিত বাংলা ও ইংরেজি রচনা প্রতিযোগিতায় দামুড়হুদা উপজেলায় প্রথম স্থান অর্জন করেছে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের দুই কৃতি শিক্ষার্থী।

উপজেলার একমাত্র প্রতিষ্ঠান হিসেবে জেলা পর্যায়ে প্রতিনিধিত্ব করার গৌরব অর্জন করেছে এই শিক্ষা প্রতিষ্ঠান, যা তাদের শিক্ষা কার্যক্রম ও সক্ষমতার উজ্জ্বল প্রমাণ। গত বুধবার সকাল ১০টায় দামুড়হুদা পাইলট গার্লস স্কুলে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় উপজেলার মোট ৫৩টি স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বাংলা ও ইংরেজি রচনা বিভাগে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী লামিয়া হোসেন লুবনা এবং সপ্তম শ্রেণির শিক্ষার্থী রাবিয়া বসরি নিজ নিজ বিভাগে প্রথম স্থান অর্জন করে।

এই সাফল্যের মাধ্যমে তারা জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করেছে।

প্রতিষ্ঠানের পরিচালক ও প্রধান শিক্ষক জসিম উদ্দিন বলেন, আমাদের শিক্ষার্থীদের এই সাফল্য আমাদের জন্য অত্যন্ত গর্বের বিষয়। এর আগেও আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থী প্রাথমিক পর্যায়ে দেশসেরা বৃত্তি অর্জন করেছে। শিক্ষকদের নিবিড় তত্ত্বাবধান, শিক্ষার্থীদের পরিশ্রম এবং অভিভাবকদের সহযোগিতার ফলেই আজ এই অর্জন সম্ভব হয়েছে।

এই অর্জনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়েছে।

গাংনী জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সনদপত্র ও পুরষ্কার বিতরণ

জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২২ এর সনদপত্র ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এর সভাপতিত্বে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুমের এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জাতীয় শিক্ষা সপ্তাহ উৎযাপন কমিটির সদস্য সচিব মীর হাবিবুল বাসার ।

অনুষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক ও ছাত্রছাত্রীদের ক্রেষ্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তাগণ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ,শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

শিক্ষাখাতে বিনিয়োগই সবচেয়ে

বড় বিনিয়োগ—জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, শিক্ষাখাতে বিনিয়োগই সবচেয়ে বড় বিনিয়োগ। শিক্ষার মাধ্যমেই মানুষের মনুষ্যত্ব বিকশিত হয়। বৃহস্পতিবার মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উপলক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম।অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ফরহাদ হোসেন এমপি বলেন, মানুষকে মানবিকতা গুণসম্পন্ন দক্ষ ও সক্ষম করে গড়ে তুলতে শিক্ষার কোনো বিকল্প নেই। প্রতিটি অভিভাবককে তাদের সন্তানদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে।প্রতিমন্ত্রী এসময় বাড়ির আঙিনা ও খালি যায়গায় শাক-সবজি ও ফলমুল চাষের গুরুত্বারোপ করেন।

পরে জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী ও জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় জেলা পর্যায়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।